ঝিনাইদহে যুবকের লাশ উদ্ধারের ঘটনায় আসামি গ্রেফতার

ঝিনাইদহে গলা কাটা লাশ উদ্ধারের ঘটনায় এক আসামিকে গ্রেফতার করেছে পুলিশ। একই সঙ্গে ঘটনার আলামত জব্দ করা হয়েছে। আজ শুক্রবার (৭ জুলাই) এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানিয়েছেন জেলা পুলিশ সুপার আশিকুর রহমান।

তিনি জানান, গত ৩ জুলাই পোড়াহাটির আড়ুয়াকান্দি গ্রামের পাটক্ষেত থেকে এক যুবকের গলা কাটা অর্ধগলিত লাশ উদ্ধার করা হয়। উদ্ধার ওই লাশের মাথা শরীর থেকে আলাদা ছিল। লাশটি উদ্ধারের সময় এর পাশ থেকে সিগারেট, বিস্কুট ও যৌন কাজে ব্যবহৃত বিভিন্ন সরঞ্জাম উদ্ধার করা হয়েছে।

তিনি আরও জানান, মামলার তদন্তে জানতে পারি মূলত এলাকায় দুটি মোবাইল চুরি ঘটনাকে কেন্দ্র করে এই হত্যাকাণ্ড হয়েছে। গতকাল রাত ১টার দিকে উদয়পুর গ্রামের মনির মোল্ল্যাকে (১৯) শহরের বিসিক এলাকা থেকে গ্রেফতার করা হয়। আসামি স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছে।

তার দেওয়া তথ্যমতে-গ্রামের মোবাইল চুরির ঘটনায় দোষ দেওয়ায় আসামি মনির প্রতিশোধ পরায়ন হয়ে সাকিবকে হত্যা করে। সেখানে তার জবানবন্দি মোতাবেক হত্যাকাণ্ডে ব্যবহৃত দা, গামছা, লুঙ্গি জব্দ করে পুলিশ। অসামিকে আদালতের মাধ্যমে জেলহাজতে পাঠানো হয়েছে।